## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



মহারাজা, রাজা, মহামহোপাধ্যায় পণ্ডিত, উচ্চ রাজকর্ম্মচারী ও বহু অভিজ্ঞ ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী কেশ তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট গুণে ও গন্ধে অতুলনীয়।
মূল্য প্রতি শিশি ১৲ এক টাকা।

**শ্যামা দন্তমঞ্জন**

দন্ত রোগের মহৌষধ। মূল্য প্রতি শিশি ॥০ আনা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
সোণামুখী ভবন, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



৩৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১০ই আশ্বিন বুধবার ১৩৫৭ ইংরাজী 27th Sep. 1950 | ২০শ সংখ্যা



## পূজায়

আপনার প্রিয়জনের প্রসাধনে
সাহায্য করবে
রঘুনাথগঞ্জের **বাটা**

---

বিখ্যাত কাটনীর চুণ

যাবতীয় ইমারতি কাজের ও পানে খাওয়ার জন্য উৎকৃষ্ট ১নং পাথর চুণ পাওয়া যায়। নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীপরিমলকুমার ধর
জঙ্গিপুর বাবুবাজার

---

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



## ইতিহাসের পুনরাবৃত্তি—

এই ইতিহাস হিন্দুস্থানের সেবা ও সমৃদ্ধির ইতিহাস। ১৯৪৯ সালের মতো দুর্বৎসরেও বাংলার ও বাঙালীর শ্রেষ্ঠ বীমা-প্রতিষ্ঠান হিন্দুস্থান কো-অপারেটিভ এর ক্রমোন্নতির ইতিহাসে আর একটি বিশেষ অধ্যায় সংযোজিত হইয়াছে। বিশদ বিবরণ সহ প্রকাশিত উক্ত সালের উদ্বৃত্ত-পত্রে সোসাইটির সর্ব্ববিষয়ে অসাধারণ সাফল্য ও সমৃদ্ধির পরিচয় পাওয়া যাইবে।

| | | |
|---|---|---|
| নূতন বীমা | ... | ১৩,৩৬,০৬,২৪৩৲ |
| মোট চলতি বীমা | ... | ৬৯,৭৩,২৩,২১৮৲ |
| প্রিমিয়ামের আয় | ... | ৩,২০,০৩,৭১৫৲ |
| বীমা তহবিল | ... | ১৪,২০,৬১,৯৪১৲ |
| মোট সম্পত্তি | ... | ১৫,৬৪,২৯,৭৭১৲ |
| বীমার দায় শোধ | ... | ৭১,০২,৫০০৲ |

সুদীর্ঘ ৪৩ বৎসর ধরিয়া দেশ ও জাতির সেবায় নিয়োজিত

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ



জঙ্গিপুর সংবাদ

১০ই আশ্বিন বুধবার সন ১৩৫৭ সাল।

## নাসিক কংগ্রেস

—:০:—

শ্রীরামচন্দ্রের বনবাস কালে রাবণের সহোদরা স্থর্পনখা লক্ষ্মণের নিকট তাঁহার পত্নীত্ব লাভের জন্য প্রস্তাব করায় লক্ষ্মণ রাক্ষসীর নাসিকা ছেদন করেন। তদবধি এই স্থানের নাম হয় নাসিক। ভগবান শ্রীরামচন্দ্রের অন্যতম লীলাস্থল বলিয়া ইহা হিন্দুদের তীর্থরূপে পরিগণিত হইয়াছে। ভারত আজ ধর্ম্ম-নিরপেক্ষ রাজ্য হইলেও হিন্দুগণের এই পুণ্যতীর্থে কংগ্রেসের ৫৬তম অধিবেশন হইয়া গেল।

## কংগ্রেস সভাপতি

এই অধিবেশনে কে সভাপতির আসন লাভের সৌভাগ্য লাভ করিবেন তাহা লইয়া তুমুল প্রতি-যোগিতা হইল (১) শ্রীশঙ্কর রাও দেও—কংগ্রেস ওয়ার্কিং কমিটির মেম্বর, (২) আচার্য্য কৃপালনী—ওয়ার্কিং কমিটির মেম্বর (৩) শ্রীপুরুষোত্তম দাস ট্যাণ্ডন—কংগ্রেস ওয়ার্কিং কমিটির বাহিরের সভ্য। প্রতিযোগিতায় ওয়ার্কিং কমিটির বাহিরের সভ্য ট্যাণ্ডনজী ওয়ার্কিং কমিটির ভিতরের মেম্বর দুই জনকে পরাস্ত করিয়া সভাপতিত্ব লাভ করিলেন, ইহা কংগ্রেসের পরাজয় না হইলেও কংগ্রেস ওয়ার্কিং কমিটির পক্ষে খুব রুচিকর নহে। দেওজী, কৃপালনীজী, ট্যাণ্ডনজী প্রত্যেকেই বিভিন্ন সময়ে বলিয়াছেন কংগ্রেসে দুর্নীতি প্রবেশ করিয়াছে। অথচ সেই দুর্নীতি দোষদুষ্ট কংগ্রেসের অধিবেশনে সভাপতিত্ব করিবার জন্য প্রত্যেকেই আগ্রহশীল।

## "আপনি রাঁধি আপনি খাই আপনার রান্নায় বলিহারী যাই"

বিদেশী শাসকের শাসনে থাকিয়া কংগ্রেস শাসনকার্য্যের দোষগুণের আলোচনা করিবার জন্য এক এক বৎসর এক এক স্থানে অধিষ্ঠিত হইত। বিদেশী শাসকগণ যখন বুঝিত—কংগ্রেস তাহার এই অধিবেশনে শাসকদলের বিরুদ্ধে বিষোদ্‌গার করিয়া তাহাদের শাসন ব্যবসায়ে বাধা সৃষ্টি করিবে, তখনই আইন জারী করিয়া অধিবেশন যাহাতে না হয় তাহার জন্য আইন, কানুন, লাঠি, ইত্যাদির ব্যবস্থা করিত। এখন শাসক কংগ্রেস, অধিবেশনে সমাগত যাবতীয় জনগণ প্রায় সবাই কংগ্রেসী—কাজেই এক ভাই-এর কর্ম্মে আর এক ভাই-এর বাহবাই দেওয়া হয় বেশী। আর যাত্রার দলের ভীমের মত তুলো-পোরা গদা বার কত ঘুরাইয়া নকল ভীম নকল দুঃশাসনের বক্ষে বসিয়া রক্তপানের মত এক এক বার হুঙ্কার দিয়া শ্রোতৃবর্গের প্রীতি উৎপাদনও করিয়া থাকে। নাসিক কংগ্রেসে সভাপতি রাজর্ষি ট্যাণ্ডনজী কংগ্রেস গবর্ণমেণ্টের পনর আনা পৌনে চার পয়সা কার্য্যে বাহবা দিয়াছেন। তবে তিনি কংগ্রেসে আর গবর্ণমেণ্টে যে দুর্নীতির প্রসার যথেষ্ট হইয়াছে, তাহা অস্বীকার করেন নাই। ইহা অচিরে দূর করিতে হইবে এ কথাও বলিয়াছেন।

## সাধারণ লোকে কি চায়?

যে দেশে যে কোন নির্ব্বাচনে ভোট দিবার সময় ভোটদানে অধিকারী ব্যক্তিগণের অধিকাংশের অক্ষর পরিচয় নাই বলিয়া ভোটের বাক্সে লাঙল, গোরুর গাড়ী, কাস্তে, কোদাল, লণ্ঠন প্রভৃতির ছবি দিয়া বুঝাইতে হয় কোন্‌টী কোন্ প্রার্থীর বাক্স, সে দেশের লোক কত অসহায়। যাহারা ভোটদানে অধিকারী নয়, তাহারাও জীবন্ত লোক। তাহাদের সংখ্যা ভোটদাতাদের অপেক্ষা লক্ষ লক্ষ গুণ বেশী। এই সব লোকের অন্নবস্ত্র লইয়া ছিনিমিনি খেলি-তেছে তথাকথিত রক্ষকরূপী ভক্ষকের দল। এই দুর্নীতিই হইতেছে তাহাদের রোজগারের প্রধান অস্ত্র। ইহাদের সমূলে ধ্বংস না করিলে দেশের মঙ্গল নাই। দেশের অধিকাংশ লোকই কংগ্রেস কি তাহা জানে না। তাহাদের শতকরা নব্বই জনই রাজনীতির কিছু বোঝে না। এই সব নিরীহ দেশবাসীকে কিভাবে রক্ষা করা যায়, ইহার পন্থা যত শীঘ্র হয় ততই মঙ্গল। বক্তৃতার দ্বারা ইহার প্রতিকার কোনকালে হয় নাই, হইবে না। মুখে দুর্নীতিপরায়ণকে ফাঁসি দিবার ভয় দেখাইলে চলিবে না। মুনফাখোর কাহারা, তাহাদের পৃষ্ঠপোষক কে কে তাহা বৃহৎ নেতৃত্বের অনেকেই জানেন। স্বাধীন ভারতে এইবার লইয়া দুইবার কংগ্রেসের অধিবেশন হইল। মরা লোকের জন্ম তারিখ, মৃত্যু তারিখ লইয়া হৈ চৈ প্রায়ই হইতেছে, কিন্তু জীবন্ত লোকের খাদ্য পরিধেয়ের সুরাহা না হইলে সবই ভুয়া।

## কন্‌ট্রোল (নিয়ন্ত্রণ)

দেশে আবশ্যকীয় বস্তুর কন্‌ট্রোল বা নিয়ন্ত্রণ থাকিলে ক্ষতি নাই, কিন্তু যাহারা নিজেদের কন্‌-ট্রোল করিতে পারেন না মুনফাখোর চোরাবাজারী যাদের আয়ের সম্পত্তি তাদের বাছিয়া বাছিয়া এই খাদ্য পরিধেয়ের সংস্পর্শ হইতে বিদূরিত করিতে হইবে। খাদ্য পরিধেয় লইয়া যাহারা সয়তানী করে তাহাদেরও অনেকের মর্য্যাদা কংগ্রেস গবর্ণমেণ্টের নিকট কম নহে। ইহা কিন্তু সরকারের পক্ষেও মারাত্মক।

---

## কর্ত্তব্যজ্ঞানসম্পন্ন পুলিশ

শ্রীভগবান সিংহ রঘুনাথগঞ্জ টাউন ফাঁড়ির হাবিলদার। গত ১৮ই সেপ্টেম্বর তিনি রোঁদে বাহির হইয়া দূর হইতে দেখিতে পান—শ্রীঅমিয়-মোহন রায় মহাশয়ের বাড়ীর উত্তর দিকের গলিতে এক ব্যক্তি একটি পুঁটলি মাথায় লইয়া দাঁড়াইয়া আছে। হাবিলদার সাহেব তাহার উপর টর্চের আলো ফেলিবামাত্র লোকটি পূর্ব্বধারে দৌড়াইতে আরম্ভ করে। অনেক পুলিশের বীরত্বের দুর্নাম আজকাল সাধারণতঃ শোনা যায়—

'লড়নেবালাকা পিছারী বা কি ভাগনেবালাকা আগারী" ইহারা থাকিতে চান। ভগবান সিংজী সে শ্রেণীর হাবিলদার নহেন। সিংহ যেমন লম্ফ প্রদান করিয়া তাহার শিকারের পশ্চাদ্ধাবন করে, ভগবান সিংহও ডবল মার্চ্চ করিয়া পলায়মান সন্দিগ্ধের অনুসরণ করিলেন। ভগবান সিংহের এই কর্ত্তব্যপরায়ণতা দেখিয়া স্বয়ং ভগবান বোধ হয়

তাঁহার সহায় হইলেন। পলায়মান ব্যক্তি হোঁচট খাইল। হাবিলদার সাহেব তাহাকে ধরিবামাত্র সে তাঁহার মাথায় লাঠির আঘাত করিল। লোকটীর নিকট একখানি ধারালো ছুরী ছিল। সে তাহা বাহির করিবার চেষ্টা করে। হাবিলদারের চীৎকারে উক্ত পল্লীর ডাঃ জে. এন. রায়, শ্রীসাকেতরঞ্জন ব্রহ্ম, দাতব্য হাসপাতালের কৃষ্ণবাবু বাহির হইয়া দেখেন —ধৃত ব্যক্তি খিদিরপুর নিবাসী আবদুল মজিদ। লোকটী পুরাতন দাগী। সে এখন পুলিশ হেফাজতে।

## স্কুল বোর্ডের সভাপতি

২৫শে সেপ্টেম্বর সকাল ১০টা-৩০ মিনিটে আহূত পুনর্গঠিত মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের সভ্যগণের একটী সভায় মুর্শিদাবাদ জেলা বোর্ডের সভাপতি, শ্রীসুরেন্দ্রনারায়ণ সিংহ মহাশয় অপ্রতিদ্বন্দ্বীভাবে উক্ত মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন।

## বিপজ্জনক ইন্দারা

রঘুনাথগঞ্জ থানার ৪নং দফরপুর ইউনিয়নের অন্তর্গত জগদানন্দবাটী (আইলেরউপর) গ্রামে জেলা বোর্ডের একটী ইন্দারায় 'প্যারাপেট' নাই। মাঝে মাঝে কুকুর পড়িয়া জল অব্যবহার্য্য হয়। উক্ত ইন্দারায় গ্রামের ছোট ছোট শিশু পড়িয়া যাইবার যথেষ্ট আশঙ্কা আছে। এই ইন্দারা সম্বন্ধে জঙ্গিপুরের সাব-ওভারসিয়ার বাবুর সহিত মৌখিক আলোচনা করিয়াও কোন প্রতিকার হয় নাই। আমরা এ বিষয়ে আশু প্রতিকারের জন্য জেলা বোর্ডের ইঞ্জিনিয়ার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## প্লাটফরমবিহীন টিউবওয়েল

দফরপুর ইউনিয়নের রমাকান্তপুর (আইলের-উপর) গ্রামে ২।৩ বৎসর পূর্ব্বে একটি টিউবওয়েল বসান হইয়াছে। অদ্যাবধি উহার প্লাটফরম নির্ম্মিত না হওয়ায় ঐ স্থানে প্রায় এক হাঁটু গর্ত্ত হইয়া কাদায় পরিপূর্ণ হইয়াছে। জল তুলিবার সময় লোকের ভীষণ অসুবিধা হইতেছে। এ বিষয়ে আমরা জঙ্গিপুর মহকুমা পবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিং বিভাগের কর্ম্মকর্ত্তার দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## বালিঘাটা বারোয়ারী দুর্গাপূজা

সন ১৩৫৬ সালের আয় ব্যয়ের হিসাব

জমা—চাঁদা আদায়—২৯৩৻৫, ফল বিক্রী ৬৲, কার্ত্তিক গণেশের কাপড় বিক্রী ৭।০ মোট—৩০৬।৫ খরচ—প্রতিমা ৮৫৲, দক্ষিণা ২১৲, কাপড় ২৪৲ কার্ত্তিক গণেশের কাপড় ৭।০, পাঁঠা ২৫৵০, পূজা ৫৪।১৫, বাদ্য মায় খোরাকী ৩৬।০, আলো ৮৸/০, ভৃত্য ৪।০, নিরঞ্জন ২৮।/১০, ছাপান খরচ ৫৲ বিবিধ ৮৵০=৩০০৶৫ বালিঘাটা বারোয়ারী কালীপূজাতে খরচ ৬/০ মোট ৩০৬।৫

স্বাঃ শ্রীবিদগ্ধগোপাল দাস, স্বাঃ শ্রীকিরণপ্রকাশ মুখোপাধ্যায় স্বাঃ শ্রীপ্রফুল্লরঞ্জন দাস, স্বাঃ শ্রীঅনিল-কুমার ভট্টাচার্য্য।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ৯ই অক্টোবর ১৯৫০

১৯৫০ সালের ডিক্রীজারী

৪০০ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং অজেদান বিবি দিং দাবি ৯০।৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ৩-২০ শতকের কাত ১।৶৩ ও ১৪৶৪ আঃ ৪০৲

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ২০শে নভেম্বর ১৯৫০

১৯৪২ সালের ডিক্রীজারা

৪৭১ খাং ডিঃ সেবাইত শ্যামাচরণ নাথ দিং দেং কুঞ্জলাল মণ্ডল দিং দাবি ৫০॥৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ২৮৯ শতকের কাত ৯।৶৭ আঃ ৩০৲ খং ৫২১ রায়ত স্থিতিবান

১৪২ খাং ডিঃ সেবাইত জগন্নাথ বড়াল দিং দেং শান্তিময় রায় চৌধুরী দিং দাবি ৫৮॥৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালিঘাটা ২-৪৫ শতকের কাত ২২৸০ আঃ ৫০৲ খং ১৬২ অধীনস্থ খং ১৬৩ রায়ত স্থিতিবান

১৯৪৯ সালের ডিক্রীজারী

৫৬৩ খাং ডিঃ কুমার পদম সিংহ দুধোরিয়া নাঃ দিং দেং সৈয়দ আব্দুল কাদের মিঞা দিং দাবি ৩২১।০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কানুপুর ২৫-১ শতকের কাত ৪৯॥৮ আঃ ১৫০৲ খং ২৭৮ দরপত্তনী স্বত্ব

৫৩৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫৯৵৩ থানা সুতী মৌজে সজনীপাড়া ২৬৩১ শতকের কাত ৪১৲ আঃ ১০০৲ খং ৯৭ ঐ স্বত্ব

১৯৫০ সালের ডিক্রীজারী

৩৩৮ খাং ডিঃ শ্রীমতী শিবরাণী দেবী দেং পঙ্কজ-কুমার সাহা দিং দাবি ১০১৸৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে প্রসাদপুর ৩-৫৯ শতকের কাত ২৯/০ আঃ ২০৲ খং ১৮৪ রায়ত স্থিতিবান

৪৯২ খাং ডিঃ উমাচরণ দাস দিং দেং শান্তিসুধা দাসী দাবি ৩৭/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচন-পাড়া ১-৮ শতকের কাত ৫৵০ আঃ ২০৲ খং ২৩৭

৪৯৩ খাং ডিঃ ঐ দেং হরিপদ সাহা দিং দাবি ৫৩।৩ মৌজাদি ঐ ১-৬৩ শতকের কাত ৮।/৩ আঃ ৪০৲ খং ৩০১

৪৯৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯॥৵০ মৌজাদি ঐ ৯৬ শতকের কাত ২।০ আঃ ১০৲ খং ৩০৩

৪৯৫ খাং ডিঃ ঐ দেং শ্যামাপদ সাহা দিং দাবি ১১৻৩ মৌজাদি ঐ ৪৪ শতকের কাত ॥১০ আঃ ৫৲ খং ২৯৭

২৮১ খাং ডিঃ মহারাজ কুমার সিতাংশুকান্ত আচার্য্য বাহাদুর দেং এস্তাজ আলী মণ্ডল নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং গোলজাননেসা বিবি দাবি ২৮॥৵০ থানা সুতী মৌজে নুরপুর নারায়ণপুর ৩/ বিঘা জমির কাত ৩।০ আঃ ১৫৲ রায়ত স্থিতিবান

৪৫৫ খাং ডিঃ সেবাইত ও স্বয়ং পদ্মকামিনী দেবী দেং দ্বিজপদ মণ্ডল দিং দাবি ২৭/০ থানা সুতী মৌজে নাদাই ২৬ শতকের কাত ২৸৵১০ আঃ ১০৲ খং ৪৭

৪৫৬ খাং ডিঃ ঐ দেং রামযতন মণ্ডল দিং দাবি ৩৬॥৶০ মৌজাদি ঐ ১৩৮ শতকের কাত ৪৸৵১০ আঃ ২০৲ খং ৯৬

[ পর পৃষ্ঠা দেখুন।

( পূর্ব্ব পৃষ্ঠার জের )

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ২০শে নভেম্বর ১৯৫০

১৯৫০ সালের ডিক্রীজারী

৪৭৬ খাং ডিঃ তালিবপুর জয়েণ্ট ওয়াকফ ষ্টেটের মতওয়াল্লিগণ মোঃ গোলাম জিলানী দিং দেং পুলিনচন্দ্র মণ্ডল দিং দাবি ৯১৫/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাধুয়া ও কাঁকুড়িয়া ৩-৭১ শতকের কাত ১৪।/৬ আঃ ২৫৲ খং ৬১, ৪০৯ রায়ত মোকররী স্বত্ব

৪৭৭ খাং ডিঃ ঐ দেং বিবি আসাতুস সুফিয়া সাহেবা দিং দাবি ৫৪৫৶৩ মৌজাদি ঐ ২-৫৪ শতকের কাত বৃদ্ধিসহ ৮।৶৮ আঃ ১৫৲ খং ৯১ রায়ত স্থিতিবান স্বত্ব

৪৭৮ খাং ডিঃ ঐ দেং মেহেরজাননেসা বিবি দাবি ১৯৫৶৯ থানা ঐ মৌজে শ্রীকান্তবাটী ৪৩ শতকের কাত ২॥/০ আঃ ৫৲ খং ৩৭৩ রায়ত স্থিতিবান স্বত্ব

৪৬৭ খাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং মোকসদালী মণ্ডল দাবি ১৮।৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলগাছি ২৪০ শতকের কাত ১১৵৪ আঃ ৫৲ খং ২৬৭ স্বত্ব রায়ত স্থিতিবান

৪৬৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬॥৵০ মৌজাদি ঐ ২-৪৬ শতকের কাত ১০৶১ আঃ ৫৲ খং ২৬৮ স্বত্ব রায়ত স্থিতিবান

৪৬৯ খাং ডিঃ ঐ দেং সাইফুদ্দিন বিশ্বাস দিং দাবি ১১৵৯ মৌজাদি ঐ ১-৩৮ শতকের কাত ২৫৬ আঃ ৪৲ খং ২৫৫ স্বত্ব ঐ

৪৭৯ খাং ডিঃ ঐ দেং আইমুদ্দি সেখ দিং দাবি ১৩৶০ মৌজাদি ঐ ১-২১ শতকের কাত ৫॥/২ আঃ ৫৲ খং ১৪৮ স্বত্ব ঐ

৪৮০ খাং ডিঃ ঐ দেং ইন্দির রবিদাস দিং দাবি ১৩॥৶০ মৌজাদি ঐ ৮৭ শতকের কাত ৩॥/৪ আং ৫৲ খং ২০৭, ২০৮ স্বত্ব ঐ


৪৮১ খাং ডিঃ ঐ দেং শ্রীবাসচন্দ্র সিংহ দিং দাবি ২০৫৶৩ থানা ঐ মৌজে সাহাজাদপুর ৫০ শতকের কাত বৃদ্ধিসহ ২/১ আঃ ৫৲ খং ৭৭ স্বত্ব ঐ

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ২০শে নভেম্বর ১৯৫০

১৯৪৮ সালের ডিক্রীজারী

৩৪৪ খাং ডিঃ বন্যেশ্বরী দেবী দেং জগদীন্দ্রনাথ চৌধুরী দিং দাবি ৫৯৪৫/৬ থানা সাগরদীঘি মৌজে বড়গড়া বলরামবাটী এরিয়া, ১২৯৩০, ৪৫৯, ১৫১ ষ্টেঃ এর কাত ১২৫৲ আঃ ১২৫৲ খং ৪৬০, ২৫৬ ও ২৩




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত